



মহিষ গবেষণা ও উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

স্মারক নং ৩৩.০৫.২৬৭২.১১১.০৫.০০১.২১-২৫২০

তারিখঃ ২৩/১১/২০২৫খ্রিঃ

রিসার্চ কনসেপ্ট আহ্বান

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নধীন “মহিষ গবেষণা ও উন্নয়ন (১ম সংশোধিত)” প্রকল্পের অর্থায়নে প্রকল্পের উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে “মহিষ গবেষণা ও উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্পের ইমপ্যাক্ট নিরূপণে এন্ড লাইন সার্ভে” শীর্ষক একটি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

গবেষণা কার্যক্রমটি বাস্তবায়নের নিমিত্তে অনুমোদিত গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিষয় সংশ্লিষ্ট অভিজ্ঞ বিজ্ঞানী/শিক্ষকগণের নিকট থেকে নির্ধারিত ফর্মে “রিসার্চ কনসেপ্ট” আহ্বান করা যাচ্ছে। আগ্রহী বিজ্ঞানী/শিক্ষকগণ স্ব-স্ব গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১০ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর রিসার্চ কনসেপ্ট প্রেরণ করতে পারবেন। রিসার্চ কনসেপ্ট প্রত্যুত্তের জন্য নির্ধারিত ফর্ম এবং গাইড-লাইন বিএলআরআই এর ওয়েব-সাইটে (www.blri.gov.bd) পাওয়া যাবে। প্রয়োজনে প্রকল্প অফিস থেকেও সংগ্রহ করা যাবে।

প্রস্তাবিত রিসার্চ কনসেপ্ট প্রকল্পের উদ্দেশ্য, কর্মপরিকল্পনা, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এতদবিষয়ে গবেষণা সক্ষমতা, সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা অভিজ্ঞতা, প্রস্তাবিত বাজেট, ইত্যাদি বিবেচনা পূর্বক প্রাথমিকভাবে বাছাই করা হবে। শুধুমাত্র প্রাথমিকভাবে নির্বাচিত রিসার্চ কনসেপ্টগুলোর পূর্ণাঙ্গ গবেষণা প্রস্তাব গ্রহণ করা হবে এবং বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হবে।

Deb
26/11/2025

(ড. গৌতম কুমার দেব)
প্রকল্প পরিচালক

ই-মেইল-debgk2003@yahoo.com